হে আল্লাহর রাসূল, উম্মু সা‘দ মারা গেছেন, কোন সদকা সবচেয়ে উত্তম হবে? তিনি বললেন: “পানি”, তিনি বলেন: সে একটি কূপ খনন করলেন এবং বললেন: এটি উম্মু সা‘দের জন্য।

সাদ ইবন উবাদাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: হে আল্লাহর রাসূল, উম্মু
সা‘দ মারা গেছেন, কোন সদকা সবচেয়ে উত্তম হবে? তিনি বললেন: “পানি”, তিনি বলেন: সে একটি কূপ খনন করলেন এবং বললেন: এটি উম্মু সা‘দের জন্য। [হাদিসটি এর বিভিন্ন সূত্রের সমন্বয়ে হাসান।] [এটি আবূ দাঊদ, নাসাঈ ও ইবন মাজাহ বর্ণনা করেছেন।]

উম্মু সা‘দ ইবনু উবাদাহ রাদিয়াল্লাহু আনহু মারা গেছেন, ফলে তিনি সর্বোত্তম সদকা সম্পর্কে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলেন, যেন তার মায়ের পক্ষ থেকে তা সদকা করতে পারেন? নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে সংবাদ দিলেন: সর্বোত্তম সদকা হলো পানি, ফলে তিনি একটি কূপ খনন করলেন এবং তা মায়ের জন্য সদকা করলেন।

http://sunnah.global/hadeeth/bn/show/65613